



STATE OF NEW YORK
EXECUTIVE CHAMBER
ALBANY 12224

KATHY HOCHUL

গভর্নর

এপ্রিল 11, 2024

মাননীয় হাই স্কুল সিনিয়র:

আপনি কি জানেন যে 2022 সালে, নিউ ইয়র্ক স্টেটের উপলব্ধ ফেডারেল পেল গ্রান্ট তহবিলের, 200 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ দাবি করা হয়নি? এটাই সত্যি! যে শিক্ষার্থীরা FAFSA সম্পূর্ণ করে না তারা ফেডারেল সরকার এবং নিউ ইয়র্ক স্টেটের থেকে আর্থিক সহায়তা পাওয়ার মূল্যবান সুযোগগুলি হারিয়ে ফেলেন।

তাই, আজ আমি আপনাকে studentaid.gov এ ফ্রি অ্যাপ্লিকেশন ফর ফেডারেল স্টুডেন্ট এইড (FAFSA) সম্পূর্ণ করতে উৎসাহিত করার জন্য এই চিঠি লিখছি। নিউ ইয়র্কের গভর্নর হিসাবে, আমি শিক্ষার্থীদের তাদের কলেজের স্বপ্নকে বাস্তবে পরিণত করতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য পাইয়ে দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

এই ফেডারেল এবং স্টেটের সংস্থানগুলি অ্যাক্সেস করার জন্য FAFSA পূরণ করা হল শিক্ষার্থীদের সহায়তা করার জন্য পরিকল্পিত একটি মূল পদক্ষেপ। আমরা সমস্ত যোগ্য ব্যক্তিকে আবেদন করতে উৎসাহিত করতে চাই, যেন নিশ্চিত করা যায় যে তারা তাদের একাডেমিক লক্ষ্যগুলি অনুধাবন করার জন্য উপলব্ধ আর্থিক সহায়তার সম্পূর্ণ সুবিধা গ্রহণ করতে পারেন। একসাথে, আমরা এই সুযোগগুলি সম্পর্কে সচেতনতা বাড়িয়ে আপনার ও আপনার পরিবারের আর্থিক বোঝা হ্রাস করতে পারি।

আমি জানি যে কলেজ এবং আর্থিক সহায়তার জন্য আবেদন করা খুব চাপের মনে হতে পারে, কিন্তু আমরা আপনাকে সাহায্য করার জন্যই এখানে আছি। নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (HESC) এর 24 টিরও বেশি ভাতা, বৃত্তি এবং ঋণ মওকুফ করার কর্মসূচী রয়েছে যা প্রতি বছর 330,000 এরও বেশি নিউ ইয়র্ক শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষাগত লক্ষ্য অনুধাবন করতে সহায়তা করে। HESC আর্থিক সহায়তা প্রক্রিয়ার প্রতিটি পদক্ষেপে আপনাকে দিশানির্দেশ দেবার জন্য সংস্থান সরবরাহ করে এবং আপনি যেন আপনার কলেজ ক্যারিয়ারের দিকে সঠিক পথে থাকেন তা নিশ্চিত করার জন্য আর্থিক সহায়তা, গুরুত্বপূর্ণ সময়সীমা অনুপালন করা এবং সংস্থান সম্পর্কিত মূল তথ্য সহ লিখিত বার্তা পেতে আপনাকে সাইন আপ করতে সাহায্য করে। আপনি NYS এর আর্থিক সহায়তা এবং আপনার জন্য উপলব্ধ সংস্থানগুলি সম্পর্কে hesc.ny.gov এ আরও জানতে পারবেন।

মনে রাখবেন, আর্থিক সহায়তা আপনার জন্য উপলব্ধ রয়েছে, তবে আপনাকে আবেদন করতে হবে। FAFSA পূরণ করুন এবং আপনার জন্য উপলব্ধ সমস্ত আর্থিক সহায়তার সুযোগের সদ্ব্যবহার করুন। কলেজে যাওয়ার জন্য আপনার প্রয়োজনীয় তহবিল পাওয়ার দাবি করার সুযোগটি হারাবেন না। আমরা আপনার সাফল্যকে বাস্তবায়িত করছি!

আন্তরিকভাবে,

Kathy Hochul
গভর্নর